৮ পৃষ্ঠা ৫ টাকা

শুক্রবারের

# দৈনিক জনতা

দলনিরপেক্ষ সংবাদপত্র

ঢাকা শুক্রবার
৫ এপ্রিল ২০২৪
২২ চৈত্র ১৪৩০
২৫ রমজান ১৪৪৫

রেজিস্ট্রেশন-ডিএ ৫৯৬, ৪০ বর্ষ, ২৮২ সংখ্যা

www.dainikjanata.net https://www.facebook.com/dainikjanata.net



### ভয়ংকর অভিজ্ঞতার কথা জানালেন নোরা

নোরা ফাতেহি ছোট থেকেই হতে চেয়েছিলেন অভিনেত্রী। কিন্তু হয়ে গেলেন ডান্সার। তবে নোরা ফাতেহি একটা সময় বলিউডে পা রেখে বুঝেছিলেন সফরটা একেটাও সহজ নয়। নাচের প্রস্তাব পাওয়ার পর তাই গ্রহণ করেছিলেন নোরা। ফলে ভারতে গিয়ে কম কটাক্ষের মুখে পড়তে হয়নি তাকে। একের পর এক কাজের প্রস্তাব পেয়ে তাকে রীতিমত ঠকতে হয়েছে। ভয়ানক পরিস্থিতির শিকারও হতে হয়েছে। জানা যায়, নোরা ফাতেহি প্রথম যখন কাজে এসেছিলেন ৯ জনের সঙ্গে একটি ঘর শেয়ার করে থাকতেন। আর এভাবেই ধীরে ধীরে »২ পৃষ্ঠায় ১ম কলাম দেখুন

# ঈদকে কেন্দ্র করে সক্রিয় অপরাধীরা

স্টাফ রিপোর্টার

সামনে ঈদকে কেন্দ্র করে রাজধানীসহ সারাদেশে সক্রিয় অপরাধী চক্রের সদস্যরা। যে কোনো বড় উৎসব-পার্বণ কেন্দ্র করে এসব অপরাধীরা সক্রিয় হয়। এ সময় বাড়ে মৌসুমি অপরাধীর সংখ্যা। ঘরে-বাইরে চলার পথে এসময় বেড়ে যায় চোর, ডাকাত, ছিনতাইকারীর দৌরাত্ম্য। রমজানের শুরুতেই সংঘবদ্ধ ছিনতাইকারী, অজ্ঞানপার্টি, মলমপার্টি, টানাপার্টি ও কিশোর গ্যাং চক্রের তৎপরতা বেড়েছে। আর এ চক্রের অপতৎপরতা ঠেকাতে সর্বশক্তি নিয়ে মাঠে নেমেছে পুলিশ ও র‌্যাবসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা জানিয়েছে, ঈদুল ফিতর ঘনিয়ে আসতেই ঢাকায় ছিনতাইকারীরা বেপরোয়া হয়ে উঠেছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানেও থেমে নেই অপরাধ। এ সময়ে মৌসুমি অপরাধীদের দৌরাত্ম্য বাড়ে। আবার কারাগার থেকে যারা জামিনে বের হচ্ছেন তারাও বিভিন্ন অপরাধে যুক্ত হচ্ছেন। তবে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা ঢাকা মহানগরের সব এলাকায় নিরাপত্তা নিশ্চিত করতে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছে। ছিনতাই, চাঁদাবাজি, অজ্ঞানপার্টি ও মলমপার্টির তৎপরতা ঠেকাতে মাঠে কাজ করছেন পুলিশ সদস্যরা। রাজধানীর বড় বড় বাণিজ্যিক কেন্দ্র, শপিংমলে নেয়া হয়েছে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা। এসব এলাকা চিহ্নিত করে ইউনিফর্মে ও সাদা পোশাকে পুলিশ মোতায়েন করা হয়েছে। বাড়ানো হয়েছে গোয়েন্দা নজরদারিও।

গত ২৫ মার্চ রাতে রাজধানীর মোহাম্মদপুর এলাকায় অভিযান পরিচালনা করে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ ডাকাতদলের পাঁচ সদস্যকে গ্রেফতার করে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব) সদস্যরা। এসময় তাদের কাছ থেকে ডাকাতির কাজে ব্যবহৃত দুটি চাপাতি ও দুটি ছোরা উদ্ধার করা হয়। র‌্যাব-২ জানায়, গ্রেফতারকৃতরা একটি সংঘবদ্ধ ডাকাতদলের সক্রিয় সদস্য। তারা বেশ কিছুদিন ধরে মোহাম্মদপুরসহ আশপাশের বিভিন্ন এলাকায় দেশীয় অস্ত্রের ভয় দেখিয়ে চুরি ও ডাকাতি করে আসছিল। রমজান ও ঈদের আগে তাদের ডাকাতির কার্যক্রম বাড়ে। রমজান কেন্দ্র করে ছিনতাইকারী, অজ্ঞানপার্টি, মলমপার্টি ও কিশোর গ্যাং চক্রের তৎপরতা ঠেকাতে রাজধানীর বিভিন্ন স্থানে নিয়মিত অভিযান চালাচ্ছে র‌্যাব। এরইমধ্যে অভিযানে রাজধানীর বিমানবন্দর, বনানী, মহাখালী, ভাটারা, আব্দুলাহপুর, টঙ্গী ও গাজীপুর এলাকা থেকে ছিনতাইকারী চক্রের ৩২ সদস্যকে গ্রেফতার করেছে বাহিনীটি।

র‌্যাব-১ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোস্তাক আহমেদ বলেন, রমজান কেন্দ্র করে সম্প্রতি ছিনতাইকারী, অজ্ঞানপার্টি, মলমপার্টি ও কিশোর গ্যাং চক্রের তৎপরতা বেড়েছে। ছিনতাইকারী চক্রের সদস্যরা নিরীহ মানুষের জীবন অতিষ্ঠ করে তুলছে। এ পরিপ্রেক্ষিতে ছিনতাইকারী চক্রের সদস্যদের গ্রেফতার করে আইনের আওতায় আনতে র‌্যাব-১ গোয়েন্দা নজরদারি বাড়ায় এবং রাজধানীর বিভিন্ন এলাকায় ছিনতাইয়ের সঙ্গে জড়িত সংঘবদ্ধ চক্রকে শনাক্ত করতে সক্ষম হয়।

এরই ধারাবাহিকতায় রোববার রাতে র‌্যাব-১ এর আভিযানিক দল রাজধানীর বিমানবন্দর, বনানী, মহাখালী, ভাটারা, আব্দুলাহপুর, টঙ্গী ও গাজীপুর এলাকায় অভিযান চালিয়ে ছিনতাইকারী চক্রের ৩২ সক্রিয় »২ পৃষ্ঠায় ১ম কলাম দেখুন

**অজ্ঞানপার্টি, ছিনতাইকারী ও তৃতীয় লিঙ্গের সদস্যরা হাতিয়ে নিচ্ছে অর্থ**

**যে কোনো অপরাধ ঠেকাতে প্রস্তুত রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী**



## পর্তুগাল ও বাহরাইনের নবনিযুক্ত রাষ্ট্রদূতের পরিচয়পত্র গ্রহণ রাষ্ট্রপতির

স্টাফ রিপোর্টার

রাষ্ট্রপতি মো.' সাহাবুদ্দিন গতকাল বৃহস্পতিবার বাংলাদেশে নবনিযুক্ত পর্তুগাল ও বাহরাইনের রাষ্ট্রদূতের কাছ থেকে তাঁদের পরিচয়পত্র গ্রহণ করেন। অনাবাসিক রাষ্ট্রদূতরা হলেন- পর্তুগালের জোয়াও রিবেইরো দে আলমেদা এবং বাহরাইনের আবদুল রহমান মোহাম্মদ আলগাউদ। পরে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন বাসসকে জানান, নতুন রাষ্ট্রদূতদেরকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন, বিশ্বের সব দেশের সঙ্গে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক উন্নয়নে কাজ করছে বাংলাদেশ। তিনি বলেন, বর্তমান প্রেক্ষাপটে কূটনৈতিক সম্পর্ক উন্নয়নের »২ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলাম দেখুন



গতকাল বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে নবনির্বাচিত ময়মনসিংহ ও কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র ও কয়েকটি জেলা পরিষদের চেয়ারম্যানদের শপথ পাঠ করান প্রধানমন্ত্রী শেখ হাসিনা -জনতা

নবনির্বাচিত দুই মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

## জনগণের সেবা করলে ভোটের চিন্তা থাকবে না

স্টাফ রিপোর্টার

নির্বাচিত জনপ্রতিনিধিদের জনগণের সেবা করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি জনগণের সেবা করাকে একটি বড় কাজ হিসেবে উল্লেখ করেন। আপনারা জনগণের ভোটে নির্বাচিত। জনগণের সেবা যদি আপনারা নিশ্চিত করতে পারেন, ভবিষ্যতে আপনাদের ভোটের কোনও চিন্তা থাকবে না। মানুষই আপনাদের ওপর আস্থা রাখবে, বিশ্বাস রাখবে। গতকাল বৃহস্পতিবার সকালে তেজগাঁওয়ে নিজের কার্যালয়ের শাপলা হলে দুই সিটি করপোরেশন-কুমিল্লা ও ময়মনসিংহের নবনির্বাচিত মেয়র এবং পাঁচ জেলা পরিষদের চেয়ারম্যান এবং ময়মনসিংহ সিটি করপোরেশনের কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন।

স্থানীয় সরকার জনপ্রতিনিধিদের জনকল্যাণে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে কাজ করার নির্দেশনা দিয়ে তিনি বলেন, জনগণের আস্থা ও বিশ্বাস কোনোভাবেই হারাবেন না। তাই তাদের পাশে দাঁড়িয়ে সেই অনুযায়ী মানুষের »২ পৃষ্ঠায় ৪র্থ কলাম দেখুন

## তিন দেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার

সবকিছু ঠিক থাকলে দুই সপ্তাহের জন্য তিন দেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ২৪ এপ্রিল থাইল্যান্ড দিয়ে প্রধানমন্ত্রীর তিন দেশ সফর শুরু হবে। ব্যাংককে ইউএনএসকাপ কমিশনের ৮০তম সভা এবং দ্বিপক্ষীয় সফরে ২৭ এপ্রিল পর্যন্ত ব্যাংকক সফর করবেন তিনি। ওই সফরে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, জ্বালানি, প্রতিরক্ষা সহযোগিতাসহ ১০ থেকে ১২টি খাতে চুক্তি হওয়ার সম্ভাবনা আছে বলে জানিয়েছে একটি সূত্র। আরেকটি সূত্র জানায়, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিশেষ বৈঠকে অংশ নিতে তিনি সৌদি আরবের »২ পৃষ্ঠায় ৩য় কলাম দেখুন

## দলের মধ্যে কেউ ফ্রি স্টাইল করলে শাস্তি পেতেই হবে : কাদের

স্টাফ রিপোর্টার

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দলে কিছু শাস্তি প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাভাবে দিয়ে দিয়েছেন। কতজন অনেক বড় জায়গা থেকে নেমে গেছে। শুধু জেলে পুরলেই শাস্তি, গায়ে আঘাত করলেই শাস্তি? শাস্তি অনেক রকম। এবার নেত্রী যে কৌশল নিয়েছেন, দলের মধ্যেও কেউ ফ্রি স্টাইল করলে শাস্তি কিন্তু পেতে হবে। তিনি সব নোট করে রাখেন, সময়মতো ব্যবস্থা নেবেন। গতকাল বৃহস্পতিবার দুপুরে আওয়ামী লীগের কেন্দ্রীয় »২ পৃষ্ঠায় ৭ম কলাম দেখুন

## শাহজালাল বিমানবন্দরে লাগেজ পেতে যাত্রীদের চরম ভোগান্তি

**একসঙ্গে চার-পাঁচটি ফ্লাইট অবতরণ করলে হিমশিম খান বিমানের কর্মীরা**

**তৃতীয় টার্মিনাল চালু হলে ভোগান্তি থাকবে না : বিমানবন্দর কর্তৃপক্ষ**

স্টাফ রিপোর্টার

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লাগেজ পেতে যাত্রীদের চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে। দিনের পর দিন বিষয়টি নিয়ে যাত্রীরা অভিযোগ করে আসছেন। ফ্লাইট অবতরণের পর লাগেজ পেতে যাত্রীদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। অনেক সময় লেগে যায় ঘণ্টার পর ঘণ্টা। বিদেশি এয়ারলাইন্সগুলোর কাছে ক্ষুণ্ন হচ্ছে দেশের সুনাম। তবু এ বিষয়ে টনক নড়েনি বিমানবন্দর কর্তৃপক্ষের। যাত্রীদের অভিযোগ, শাহজালাল বিমানবন্দরে লাগেজ অব্যবস্থাপনা দূর করতে তেমন কোনো উদ্যোগ নিচ্ছে না বিমান। প্রায় প্রতিটি আন্তর্জাতিক ফ্লাইটের যাত্রীদের বিমানবন্দরে নেমে লাগেজ পেতে ঘণ্টার পর ঘণ্টা পার হয়। কিছু ক্ষেত্রে লাগেজ পেতে দুই থেকে তিন ঘণ্টার বেশি সময় লাগে। অথচ দেশের প্রধান বিমানবন্দরে এ ধরনের ভোগান্তি লাঘবে কোনো উদ্যোগ নেই। বিমানবন্দর কর্তৃপক্ষের দাবি, অনেক সময় একসঙ্গে চার-পাঁচটি বড় ফ্লাইট অবতরণ করে। প্রতিটি ফ্লাইটে চার থেকে পাঁচ শ' করে যাত্রী থাকে। তখন লাগেজ হ্যান্ডলিংয়ে কিছুটা অসুবিধা হয়। শাহজালালের তৃতীয় টার্মিনাল চালু হলে এ সমস্যা আর থাকবে না। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সব বিমানবন্দরে এককভাবে গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের (লাগেজ সরবরাহসহ গ্রাহকসেবা) কাজ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। শাহজালালে দিনে »২ পৃষ্ঠায় ১ম কলাম দেখুন

## বান্দরবানে ব্যাংক ডাকাতি ॥ কঠোর শাস্তির হুঁশিয়ারি স্বরাষ্ট্রমন্ত্রীর

স্টাফ রিপোর্টার

বান্দরবানের রুমা ও থানচি উপজেলায় ব্যাংকে ডাকাতি, অস্ত্র লুট ও ব্যাংক ম্যানেজারকে অপহরণের ঘটনা যারা ঘটিয়েছে, তাদের বিচার হবে, কঠোর শাস্তির ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। গতকাল বৃহস্পতিবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কেন হঠাৎ তারা এমন ঘটনা ঘটিয়েছে, তা আমাদের জানা ছিল না। তবে যে উদ্দেশ্যেই তারা এসব করুক না কেন, আমরা তাদের কাউকে ছাড় দেব না। আর এমন কিছু ঘটেনি, যাতে জরুরি অবস্থা ঘোষণা করতে হবে। আমরা দেখছি, ব্যবস্থা নিচ্ছি। আগে »২ পৃষ্ঠায় ৩য় কলাম দেখুন

## ৩৫ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে ইউজিসির সতর্কতা

স্টাফ রিপোর্টার

দেশের ৩৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার ক্ষেত্রে সতর্কতা জারি করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এরমধ্যে ৩০টিতে রাষ্ট্রপতির নিয়োগ করা উপাচার্য না থাকায় শিক্ষার্থীদের সনদে সাক্ষর করার বৈধ কোনো কর্তৃপক্ষ নেই। এছাড়া অবৈধভাবে ক্যাম্পাস ও অবৈধ শিক্ষা কাযক্রমে পরিচালনার জন্য দায়ে ৩টি, নির্ধারিত সময় স্থায়ী ক্যাম্পাসে না যাওয়ায় একটি এবং সাময়িক অনুমতির মেয়াদ উত্তীর্ণ ও আদালতে মামলা থাকায় আরও একটি বিশ্ববিদ্যালয়সহ মোট [illegible]

সংস্থাটি। গত ১ এপ্রিল সাক্ষরিত এক চিঠিতে এমন সতর্কতা জারি করে ইউজিসি। যদিও চিঠি ৩ এপ্রিল ইউজিসির ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এসব বিশ্ববিদ্যালয়গুলোর নাম ইউজিসির ওয়েবসাইট থেকে দেখে নেওয়ার জন্য বলা হয়েছে। ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিচালক ওমর ফারুক স্বাক্ষরিত সতর্কীকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে জানানো হয়, দেশে শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ১০৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৭৪টিতে রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত উপাচার্য রয়েছেন। বাকি ৩০টি বৈধ কোনো উপাচার্য নেই। ইউজিসি জানিয়েছে, কয়েকটি বিশ্ববিদ্যালয় বেসরকারি [illegible]

## স্মার্ট জেনারেশন তৈরিতে এআই আইন

## মিয়ানমারে সংঘাত

দৈনিক জনতা ০৫-০৪-২০২৪

## ঈদকে কেন্দ্র করে সক্রিয় অপরাধীরা

সদস্যকে গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ছিনতাইয়ের কাজে ব্যবহৃত ২১টি চাকু, ১৯টি মোবাইল ফোন, একটি মানিব্যাগ, চারটি চুরি ও নগদ ৯ হাজার ৯৭০ টাকা উদ্ধার করা হয় বলে জানান তিনি।

র‌্যাবের পাশাপাশি অন্য আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরাও নিয়মিত অভিযান পরিচালনা করছেন। গত ২৪ মার্চ রাজধানীর পুরান ঢাকার কদমতলী থানার জনতাবাগ এলাকায় অভিযান চালিয়ে একটি অপহরণ চক্রের চার সদস্যকে গ্রেফতার করে পুলিশ। সেনাবাহিনীর সাবেক সদস্য মিজানুর রহমানের নেতৃত্বে একটি চক্র ঈদ টার্গেট করে অপহরণের মিশনে নামে। মাওয়া থেকে ডিবি পরিচয়ে এক ব্যক্তিকে অপহরণ করে মুক্তিপণ নিয়ে নরসিংদীর মাধবদী এলাকায় ফেলে দেন তারা। এরপর পুরান ঢাকা হয়ে মুন্সিগঞ্জ ফেরার পথে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে চক্রের মূলহোতাসহ চারজনকে গ্রেফতার করা হয়। ২৪ মার্চ রাজধানীর মোহাম্মদপুর ও ধানমন্ডি এলাকা থেকে চাঁদাবাজি ও বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত পাঁচটি কিশোর গ্যাংয়ের ২৫ জনকে গ্রেফতার করে র‌্যাব-২। র‌্যাব-২ এর সিনিয়র সহকারী পুলিশ সুপার শিহাব করিম জানান, রাজধানীর মোহাম্মদপুর ও ধানমন্ডি এলাকায় বেশ কয়েকটি কিশোর গ্যাং চাঁদাবাজিসহ বিভিন্ন ধরনের সন্ত্রাসী কার্যক্রম চালাচ্ছিল। ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে। এসময় তাদের কাছ থেকে অপহরণের কাজে ব্যবহৃত মাইক্রোবাস, চাপাতি, দা, ডিবি পুলিশ লেখা স্টিকার, সাংবাদিকের পরিচয়পত্র, দড়ি, গামছা, মোবাইল সেট, সুইচ গিয়ার, খেলনা পিস্তল ও হ্যান্ডকাপ উদ্ধার করা হয়।

ঈদ কেন্দ্র করে রাজধানীর বিভিন্ন এলাকায় তৃতীয় লিঙ্গের সদস্যদের চাঁদাবাজিও বেড়েছে। খোঁজ নিয়ে জানা যায়, রাজধানীর উত্তরা, বাড্ডা, মহাখালী, তেজগাঁও, মোহাম্মদপুর, গাবতলী, মিরপুর, কারওয়ান বাজার, শাহবাগ, পল্টন, যাত্রাবাড়ী, ওয়ারীর বিভিন্ন সড়কে চাঁদাবাজি করছে তৃতীয় লিঙ্গের সদস্যরা। তবে বাসাবাড়ি, সড়ক ও যানবাহনে তৃতীয় লিঙ্গের কেউ চাঁদাবাজি করলেই তাদের আইনের আওতায় আনার কথা জানান ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান। তিনি বলেন, সম্প্রতি শেরেবাংলা নগর থানা এলাকায় একটি ঘটনায় তৃতীয় লিঙ্গের একজনের বিরুদ্ধে পুলিশ আইনানুগ ব্যবস্থা নিয়েছে। তৃতীয় লিঙ্গের বিভিন্ন সদস্যের নামে বিভিন্ন ধরনের চাঁদাবাজির অভিযোগ পাওয়া যাচ্ছে। এসব অভিযোগের আলোকে তাদের বিরুদ্ধে যথাযথ আইনি পদক্ষেপ নেয়া হবে।

র‌্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন বলেন, ঈদের কয়েকদিন আগ থেকেই প্রতিটি সড়ক, রেল ও নৌ-পথে প্রচুর যাত্রীর সমাগম হয়। তাছাড়া ঈদের নামাজেও অসংখ্য মুসল্লির জমায়েত হয়। অধিকাংশ লোকজন এসময় ছুটিতে থাকায় ফাঁকা থাকে ঢাকা শহর। ফলে ছিনতাই, চুরি ও ডাকাতির মত বৃদ্ধিসহ অপরাধমূলক

যাত্রীদের অনুরোধে ২৫ শতাংশ টিকিট যাত্রা শুরুর আগে প্রারম্ভিক স্টেশন থেকে পাওয়া যাবে।

## ঢাকার প্রবেশ-বাহির পথ স্বাভাবিক রাখতে

নজরদারি রাখছি। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ট্রাফিক বিষয়টা একটা সিস্টেমের ওপর ডিপেন্ড করে। ঈদ যখন আমাদের এলাকা থেকে বাসগুলো বের হয়ে যায় তখন বেশি দেরি হচ্ছে না। কিন্তু যখন বের হয়ে যাচ্ছে তখনই কিছু কিছু সড়কে জটিলতা দেখা যায়। কিন্তু বর্তমানে হাইওয়ে পুলিশ অনেক ডেভেলপ হয়েছে। হাইওয়ে পুলিশের যদি সমন্বয়টা ভালো করতে পারে, এন্ট্রি-এক্সিটে সমস্যা না হলে এবার খুব একটা সমস্যা হওয়ার কথা না। তিনি বলেন, ফিটনেসবিহীন গাড়ির বিরুদ্ধে আমাদের সবসময় পদক্ষেপ থাকে। রেকার, ডাম্পিং গ্রাউন্ড, জনবল হয়েছে। অনেক সময় ফিটনেস ভালো থাকলেও অযাচিত যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। এমন আশঙ্কা থেকে বিভিন্ন পয়েন্টে আমাদের ব্যবস্থা থাকে। এন্ট্রি-এক্সিট পয়েন্টে যাতে কোনো সমস্যা না হয় সেজন্য সর্বোচ্চ চেষ্টা থাকবে। ডিএমপি ট্রাফিক প্রধান বলেন, টার্মিনালের ভেতর থেকে বাসে যাত্রী ওঠানামার কাজ করতে হবে। কোন অবস্থাতেই টার্মিনাল হতে বের হয়ে রাস্তা হতে বাসে যাত্রী-নামানোর কাজ করানো যাবে না। গণপরিবহনগুলো নির্ধারিত সংখ্যার অতিরিক্ত যাত্রী বহন করবে না। বিশেষ করে ছাদে কোনো যাত্রী ঝুঁকি নিয়ে গমন করবেন না। দূরপাল্লার গণপরিবহনগুলো মহাসড়কের মধ্যে যাত্রী ওঠানামার কাজ করবে না। একেত্রে গেইট লক পদ্ধতি অবলম্বন করতে হবে। মোটরসাইকেলে যারা দূরপাল্লার যাত্রী থাকবেন তাদের অবশ্যই যাত্রাকালীন সময়ে হেলমেট পরতে হবে। ঝুঁকি পরিহার করার জন্য মটরসাইকেল যাত্রীদের অতিরিক্ত মালামাল বহন না করা আহ্বান জানান এই কর্মকর্তা। তিনি আরও বলেন, যে সকল যানবাহনে গ্যাস সিলিন্ডার ব্যবহৃত হচ্ছে, গ্যাস সিলিন্ডারটি যেন মেয়াদোত্তীর্ণ/ত্রুটিপূর্ণ না থাকে সে বিষয়টি যাত্রাপথের প্রাক্কালে নিশ্চিত করতে হবে। লঞ্চ টার্মিনাল, রেলওয়ে স্টেশন, বিমানবন্দর কেন্দ্রিক যাত্রীদের গমনাগমন সুষ্ঠু করার জন্য ডিএমপির ট্রাফিক বিভাগ সচেষ্ট থাকবে বলেও জানান তিনি।

## ভয়ংকর অভিজ্ঞতার

বলিউডের অন্দরমহলে নিজের জায়গা করে নিতে দেখা যায় তাকে। বিগ বস ৯ সিজনে অংশগ্রহণ করেছিলেন নোরা। প্রিন্স নারুলার সঙ্গে তার রোম্যান্টিক লিঙ্ক আপ আলোচিত হয়েছিল সে সময়। বিগ বসের বাড়িতে তাদের প্রেম শিরোনাম তৈরি করতো। বিগ বসের পর তাকে দেখা যায় ব্লকবাস্টার 'বাহুবলী' ছবির একটি নাচের দৃশ্যে। ক্যারিয়ার শুরু হয় সেই থেকে। প্রথম দিকে অনেক হেনস্থার শিকার হয়েছিলেন নোরা। ঠিক মতো হিন্দি বলতে পারতেন না অভিনেত্রী। এক সাক্ষাৎকারে নোরা বলেন, 'হিন্দি শিখতে শুরু করেছিলাম। কিন্তু অডিশনের সময় ভয়ানক অবস্থা হতো আমার। মানসিকভাবে প্রস্তুত থাকতাম না। নিজেকে খুব বোকা বলে মনে হতো। কিন্তু কিছু মানুষ তো ক্ষমা করেন না। সামনাসামনি হাসাহাসি করতেন তারা। বলতেন, আমি সার্কাস থেকে এসেছি। খুব অসম্মানজনক বলে মনে হয়েছে আমার। বাড়ি ফেরার সময় কাঁদতাম।'

## তিন দেশ সফরে

রিয়াদে যাবেন ২৮ এপ্রিল। সৌদি আরবে পাঁচ দিন অবস্থানের পর অর্গানাইজেশন অফ ইসলামিক কো-অপারেশনের শীর্ষ সম্মেলনে অংশ নিতে গাম্বিয়া যাবেন ৩ মে। সেখানে তিন দিন অবস্থানের পর আগামী ৭ মে ঢাকায় ফিরবেন প্রধানমন্ত্রী। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, প্রধানমন্ত্রীর তিন দেশ সফরের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নেয়া হচ্ছে।

## বান্দরবানে ব্যাংক

সবকিছু জেনে নিচ্ছি, তারপর সব ধরনের ব্যবস্থা নেব। এর পেছনে কারা, তাদের কোনো উদ্দেশ্য আছে কি না, কোনো ধরনের নাশকতা কিংবা অন্য কোনো পরিকল্পনা আছে কি না, সেগুলো দেখে সে অনুযায়ী ব্যবস্থা নেব। কোনো কিছুতেই ছাড় দেওয়া হবে না জানিয়ে তিনি বলেন, আমরা এসবের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেব। গোয়েন্দা সংস্থাগুলো যেভাবে তথ্য দিচ্ছে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সেভাবেই কাজ করছে। পহেলা বৈশাখ কিংবা অন্য কিছু নিয়ে নাশকতার কোনো তথ্য আমাদের কাছে এখনো আসেনি। না এলেও আমাদের যে সতর্কতা, তা নেওয়া হচ্ছে। বান্দরবানের ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা হামলার কারণ বের করব। আর যারা দায়ী, তাদের চিহ্নিত করে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এর পেছনে

করে ক্ষমতায় থাকতে চায় সেটা দেখে সমাজে পেশাগত ডাকাতরা উৎসাহিত হবেই। মন্ত্রী-এমপিরা এখন বিদেশের মাটিতে মিলিয়ন মিলিয়ন ডলারের মালিক এ খবর গণমাধ্যমে সবাই দেখেছে। একজন এমপির বিদেশে ২৫০-৩০০ বাড়ি এটি চিন্তা করা যায়? সুতরাং সমাজের পেশাগত ডাকাতরাতো উৎসাহিত হবেই। তিনি বলেন, 'ক্ষমতাসীনরা লাখ লাখ কোটি টাকা পাচার করে বেগম পাড়া, সেকেন্ড হোম তৈরি করেছে। তারা মানুষের ভোটের অধিকার কেড়ে নিয়েছে। কেউ এ সরকারকে স্বীকৃতি দেয়নি। তিনি বলেন, 'দেশে যখন গণবিরোধী সরকার থাকে তখন দেশের অভ্যন্তরে নানা সন্ত্রাসী গোষ্ঠী জন্ম নেয়। আর পাহাড়ের সন্ত্রাসের ঘটনায় যে সরকারের ইনভলমেন্ট নেই সেটাও নিশ্চিত করে বলা যাচ্ছে না। এটি অত্যন্ত রহস্যজনক। তারা জনদৃষ্টিকে ভিন্ন খাতে নিতে এ ধরনের ঘটনা ঘটাচ্ছে কি না তাও বলা যাচ্ছে না। কারণ দেশে বর্তমানে যে ভয়াবহ সংকট চলছে, চারদিকে অভাব অনটন, ব্যাংক হরিলুট, অর্থ পাচার, নিত্যপণ্যের সীমাহীন ঊর্ধ্বগতি, সাধারণ মানুষের নাভিশ্বাস, সীমান্তে বাংলাদেশি হত্যা, নতজানু নীতি, আজ যে শিশু জন্ম নিচ্ছে তার মাথার ওপর এক লাখ টাকা ঋণ, অভাবের তাড়নায় বাবা হাসপাতালের বিল পরিশোধ না করতে পেরে মা তার শিশুকে বাজারে নিয়ে বিক্রি করে দিচ্ছে সব মিলিয়ে এ রকম ভয়াবহ পরিস্থিতি। তা আড়াল করতেও সরকার নানা ঘটনা ঘটাতে পারে। তিনি বলেন, পাহাড়ের সন্ত্রাসী ঘটনা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়।

## জনগণের সেবা করলে ভোটের

জন্য কাজ করুন। সরকার দেশের প্রতিটি এলাকার উন্নয়ন করেছে এবং তৃণমূলের মানুষকে ঘিরেই এই উন্নয়ন কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে বলে উল্লেখ করেন শেখ হাসিনা। তিনি জনপ্রতিনিধিদের জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করে কাজ করার এবং বর্তমান উন্নয়নের ধারা অব্যাহত রাখার আহ্বান জানান শেখ হাসিনা। তিনি বলেন, জনগণকে উন্নত সেবা প্রদান, জীবনযাত্রার মান উন্নয়ন ও পরিকল্পিত নগরী গড়ে তোলা সরকারের লক্ষ্য। ইতোমধ্যে আমরা ঘোষণা দিয়েছি 'আমার গ্রাম, আমার শহর'। অর্থাৎ গ্রামের মানুষ সব নাগরিক সুবিধা পাবে। দুর্নীতি, মাদক ও সন্ত্রাসের বিরুদ্ধে জনপ্রতিনিধিদের সজাগ থাকার নির্দেশনা দিয়ে শেখ হাসিনা বলেন, দুর্নীতি, মাদক, জঙ্গিবাদ-সন্ত্রাসের পথ থেকে সবাই যেন দূরে থাকে, সেদিকে আপনাদের লক্ষ্য রাখতে হবে। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে কুমিল্লা সিটি করপোরেশনের নির্বাচিত প্রথম নারী মেয়র তাহসিন বাহার সূচনা এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র একরামুল হক টিটুকে শপথ বাক্য পাঠ করান। একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ও হবিগঞ্জ- এই পাঁচ জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথবাক্য পাঠ করান। পাঁচটি জেলা পরিষদের চেয়ারম্যানরা হলেনকুড়িগ্রামের এ এন এম ওবায়দুর রহমান, ঠাকুরগাঁওয়ের আবদুল মজিদ, সিরাজগঞ্জের শামীম তালুকদার, ব্রাহ্মণবাড়িয়ার বিল্লাল মিয়া ও হবিগঞ্জের আলেয়া আক্তার। পরে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সাধারণ ওয়ার্ডের নবনির্বাচিত ৪৪ জন কাউন্সিলর এবং সংরক্ষিত নারী আসনের কাউন্সিলররাও একই স্থানে শপথ নেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো.তাজুল ইসলাম কাউন্সিলরদের শপথ বাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন স্থানীয় সরকার বিভাগের সচিব মুহাম্মদ ইব্রাহিম। গত ৯ মার্চ সিটি করপোরেশনের উপ-নির্বাচনে বিজয়ী হন কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য আ ক ম বাহাউদ্দিন বাহারের মেয়ে তাহসিন বাহার সূচনা। তিনি কুমিল্লার প্রথম নির্বাচিত নারী মেয়র। একই দিনে অনুষ্ঠিত ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচনে মেয়র নির্বাচিত হন একরামুল হক টিটু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ সব সময় জনগণের কল্যাণ ও উন্নয়নের লক্ষ্য নিয়েই কাজ করে। সবার আগে যেটা দরকার, তা হচ্ছে জনগণের ভোটের অধিকার জনগণের হাতে ফিরিয়ে দেওয়া। গণতান্ত্রিক শাসন ব্যবস্থা কায়েম করা। একমাত্র আওয়ামী লীগ যখনই সরকার গঠন করেছে, তখনই এই দেশের মানুষ অন্তত পক্ষে এইটুকু পেয়েছে- সরকার জনগণের শোষক নয়, সেবক হিসেবেই কাজ করে। যার কারণে বাংলাদেশের ব্যাপক উন্নয়ন সম্ভব হয়েছে। তিনি বলেন, গত ১৫ বছরে আমি অন্তত এইটুকু দাবি

বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন অধ্যাপক মোস্তাফিজুর। এ অর্থনীতিবিদ বলেন, ঋণ বহনের সক্ষমতা ও ঋণ পরিশোধের সক্ষমতা উদ্বেগ তৈরি করেছে। দিন শেষে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ গুরুত্বপূর্ণ, যা অভ্যন্তরীণ ও বিদেশি উভয় ঋণ পরিশোধের জন্য বিবেচনা করতে হবে। অভ্যন্তরীণ সম্পদের একটি ক্রমবর্ধমান অংশ দেশি ও বিদেশি ঋণের মূল ও সুদ পরিশোধে ব্যবহার করা হচ্ছে। সিপিডির ঢাকায় ডিস্টিংগুইশড ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, গত দুই সপ্তাহে ঋণের বিষয়গুলো আলোচনায় এসেছে। দায় পরিশোধের পরিসংখ্যান, সামষ্টিক অর্থনীতির বিভিন্ন ধরনের ফলাফলের কারণে বিষয়গুলো এসেছে। নীতি নির্ধারকদের অস্বীকারের মনোভাব সর্বদা দেখি, সেটি আরও প্রকটভাবে প্রকাশ পেয়েছে। তিনি বলেন, নীতি নির্ধারকেরা প্রায়ই বলেন-অর্থনীতিবিদেরা ঠিকমত বিশ্লেষণ করতে পারেন না, ভবিষ্যতও বলতে পারেন না। উচ্চ পর্যায়ের নীতি নির্ধারকরা পেশাদার অর্থনীতিবিদদের নিয়ে প্রায়শই শ্লেষাত্মক ও ব্যাঙ্গাত্মক কথা বলেন। আজ থেকে দুই বছর আগে সিপিডিতে বসেই আমি বলেছিলাম, ২০২৪ সাল আমাদের জন্য কঠিন হবে। সেখানে দায়-দেনা পরিশোধে বড় ধরনের ধাক্কা আসতে পারে। ২০২৫ সাল থেকে ঋণ পরিশোধে অস্বস্তি শুরু হবে। ২০২৬ সালে এটা আরও বাড়বে। ঋণের হিসাবে গাফলতি আছে। এ হিসাবে এখনো অনেক কিছু বিবেচনায় নেওয়া হয়নি। বৈদেশিক ও অভ্যন্তরীণ ঋণ প্রসঙ্গে ড. দেবপ্রিয় বলেন, যদি ১০০ শতাংশ ঋণ নিয়ে থাকে তার ৮০ শতাংশ সরকারের আর ২০ শতাংশ ব্যক্তিখাতের। ব্যক্তিখাতের ঋণের অবস্থা কী, কেউ কি বলতে পারবেন। এ টাকা কেউ কেউ বিদেশে নিয়ে গেছেন। কেউ ব্যাংকের টাকা পরিশোধ করেছেন। এ হিসাবটা কম গুরুত্বপূর্ণ না। তিনি বলেন, সরকার তো দেশের ভেতরেও ঋণ নিচ্ছে। সেই ঋণের পরিমাণ কত? যে ঋণ আমরা বিদেশ থেকে নিই, তার দ্বিগুণ আমরা দেশ থেকে নিই। সরকারের এখন যে ঋণের পরিমাণ তার দুই-তৃতীয়াংশ অভ্যন্তরীণ ঋণ, সেটিই বড় বিষয়। সরকারের দায়-দেনা পরিস্থিতি বুঝতে হলে বৈদেশিক ঋণের পাশাপাশি অভ্যন্তরীণ ঋণও দেখতে হবে। বৈদেশিক ঋণের কারণে মাথাপিছু দায়-দেনা যদি ৩১০ ডলার হয়, অভ্যন্তরীণ ঋণ যোগ করলে সেটা বেড়ে দাঁড়াবে প্রায় ৮৫০ ডলার। আমাদের উদ্বেগের যথেষ্ট কারণ রয়েছে জানিয়ে তিনি আরও বলেন, ঋণ পরিশোধের ক্যাপাসিটি এমন জায়গায় পৌঁছেছে যে, রেভিনিউ বাজেট থেকে উন্নয়ন প্রকল্পকে অর্থায়ন করতে একটা পয়সাও দিতে পারে না। আমরা প্রতারণামূলক বাস্তবতা বা ইউসিলিস্ট রিয়েলিটিতে আছি। অনুষ্ঠানে শ্রীলংকা স্বল্প মেয়াদি ঋণের ফাঁদে পড়েছিল, বাংলাদেশেও এমন ঋণ বাড়ছে বলে জানান সেন্টার ফর পলিসি ডায়ালগের চেয়ারম্যান অর্থনীতিবিদ প্রফেসর রেহমান সোবহান। বলেন, দেশের মেগা অবকাঠামো প্রকল্পগুলো বিদেশি ঋণে করা হচ্ছে। এসব প্রকল্পে প্রয়োজনের চেয়ে ২০ থেকে ৫০ শতাংশ বেশি ব্যয় হচ্ছে। রেহমান সোবহান বলেন, শ্রীলংকা স্বল্পকালীন ঋণের ফাঁদে পড়েছিল। রপ্তানি কমে আসায় এসব ঋণ যথাযথভাবে পরিশোধ করতে পারেনি দেশটি। আফ্রিকার কিছু দেশেও এমন পরিস্থিতি তৈরি হয়েছে। বাংলাদেশ তেমন অবস্থানে নেই। কিন্তু দেশে স্বল্প মেয়াদি ঋণের পরিমাণ বাড়ছে।

## পর্তুগাল ও বাহরাইনের

পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো খুবই গুরুত্বপূর্ণ। রাষ্ট্রপ্রধান বলেন, বর্তমান বিশ্ব পরিস্থিতিতে পারস্পরিক ও বহুপাক্ষিক সহযোগিতার কোনো বিকল্প নেই। বাংলাদেশের তৈরি পোশাক, ঔষধ, সিরামিক, চামড়া ও চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতে বিদ্যমান সম্ভাবনা তুলে ধরে- রাষ্ট্রপতি পারস্পারিক সম্ভাবনাকে কাজে লাগাতে উদ্যোগ নেওয়ার জন্য রাষ্ট্রদূতদের প্রতি আহ্বান জানান। সাক্ষাৎকালে পর্তুগাল ও বাহরাইনের রাষ্ট্রদূত বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের প্রশংসা করেন। রাষ্ট্রদূতরা তাদের দেশের অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশের শান্তিপ্রিয় ও দক্ষ কর্মীদের অবদান তুলে ধরেন। নতুন রাষ্ট্রদূতগণ বাংলাদেশে দায়িত্ব পালনকালে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। এ সময় রাষ্ট্রপতির কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন। এর আগে রাষ্ট্রদূতগণ বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর একটি চৌকস অশ্বারোহী দল তাদের 'গার্ড অব অনার' প্রদান করে।

## স্মার্ট জেনারেশন

বিভাগের আয়োজনে সভায় সকল মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডাররা অংশ নেন। সভায়

করেছে।

## চাকরি হারাবেন

থাকা ব্যাংকগুলো নিজ থেকে একীভূত না হলে বাধ্যতামূলকভাবে একীভূত করা হবে। তার আগে দুই ব্যাংকের মধ্যে সমঝোতা সই করতে হবে। এরপর আমানতকারী, সব পাওনাদার ও বিনিয়োগকারীর অর্থ ফেরতের পরিকল্পনা জমা দিতে হবে। কেন্দ্রীয় ব্যাংক বহিঃনিরীক্ষক প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যাংকের সার্বিক আর্থিক চিত্র বের করবে। সবশেষ আদালতের কাছে একীভূতকরণের আবেদন করতে হবে ব্যাংককে। বাংলাদেশ ব্যাংকের সার্কুলারে বলা হয়েছে, কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন ও মধ্যস্থতায় একটি ব্যাংক অন্য ব্যাংকের সঙ্গে একীভূত হতে পারে। সংশোধিত ব্যাংক কোম্পানি আইনে দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা বিষয়ে বাংলাদেশ ব্যাংককে দেওয়া ক্ষমতার আলোকে ৫ ডিসেম্বর পিসিএ ফ্রেমওয়ার্ক শীর্ষক সার্কুলার জারি করা হয়। এতে কোনো ব্যাংকে মূলধন ও তারল্য ঘাটতি, খেলাপি ঋণ, সুশাসনের ঘাটতি এবং আমানতকারীদের জন্য ক্ষতিকর কার্যকলাপের কারণে পিসিএ ফ্রেমওয়ার্কের আওতাভুক্ত হলে সংশ্লিষ্ট ব্যাংক পুনরুদ্ধারে কেন্দ্রীয় ব্যাংকের বিধিনিষেধ মানতে হবে। পুনরুদ্ধার পরিকল্পনা বাস্তবায়নে ব্যর্থ হলে আমানতকারীর স্বার্থে ব্যাংক বাধ্যতামূলক একীভূতকরণ হবে। একীভূতকরণ প্রক্রিয়া শৃঙ্খল এবং সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার লক্ষ্যে ব্যাংকের অনুসরণের এ নীতিমালা জারি করে বাংলাদেশ ব্যাংক।

# পদ্মা সেতু রেলসংযোগ প্রকল্পের মেয়াদ বাড়ল আরও এক বছর

স্টাফ রিপোর্টার

পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্পের মেয়াদ আরও এক বছর বাড়ানো হয়েছে। তবে ব্যয় বাড়েনি। গতকাল বৃহস্পতিবার এর অনুমোদন করেছে পরিকল্পনা কমিশন। এর আগে রেলপথ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ গত বুধবার পরিকল্পনা কমিশনে এ সংক্রান্ত প্রস্তাবনা পাঠায়। পরিকল্পনা কমিশন জানায়, পদ্মা সেতু রেলসংযোগ বাস্তবায়নের মেয়াদ ছিল ২০১৬ সালের ১ জানুয়ারি থেকে ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত। এর পরিবর্তে ২০২৫ সালের ৩০ জুন পর্যন্ত আরও এক বছর মেয়াদ বাড়ানো হয়েছে। অন্যদিকে বাংলাদেশ রেলওয়ে জানায়, বর্তমানে প্রকল্পের অগ্রগতি ৯০ শতাংশে ছাড়িয়েছে। তবে কিছু কাজ বাকি। ২০২৪ সালের ৪ মে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হবে না। বিগত বছরগুলোতে প্রকল্প সহায়তা থেকে ব্যয়ের হার বিবেচনায় দেখা যায়, নির্ধারিত সময়ের আগে ১০ মাসের মধ্যে ২ হাজার ৯ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে। বাংলাদেশ রেলওয়ের তথ্য অনুযায়ী, সেক্ষেত্রে ঋণ প্রাপ্যতার সময়ের মধ্যে ১ হাজার ৯১০ কোটি ৪৩ লাখ টাকার প্রকল্প সহায়তা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় হবে না। তাই চুক্তির শর্ত অনুযায়ী ঋণ প্রাপ্যতার মেয়াদ বাড়ানো না হলে, অবশিষ্ট কাজের জন্য বরাদ্দ করা অর্থ ব্যয় করা সম্ভব হবে না। সংশ্লিষ্ট সূত্র জানায়, ঢাকা-মাওয়া ও ভাঙ্গা-যশোর সেকশনে জমি অধিগ্রহণে বিলম্ব এবং ইউটিলিটি লাইন স্থানান্তর। এছাড়া ফুলারামপুর ও টিটিপাড়া পয়েন্টে লেভেল ক্রসিংয়ের পরিবর্তে রেলওয়ে আন্ডারপাস নির্মাণের মতো পরিকল্পনায় পরিবর্তন আনা হয়েছে। প্রকল্পের অগ্রগতিসংক্রান্ত প্রতিবেদন অনুসারে, আগস্ট পর্যন্ত প্রকল্পের কাজের অগ্রগতি হয়েছে ৮২ শতাংশ। পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পটি ২০১৬ সালের ৩ মে অনুমোদন করা হয়। সে সময় এর নির্মাণ ব্যয় ধরা হয়েছিল প্রায় ৩৪ হাজার ৯৮৯ কোটি টাকা। ২০১৮ সালের ২২ মে প্রকল্প প্রস্তাব সংশোধন করলে ব্যয় বেড়ে দাঁড়ায় ৩৯ হাজার ২৪৭ কোটি টাকা। ২৪ হাজার ৭৪৯ কোটি ৪ লাখ টাকা অর্থায়ন করছে চীনের এক্সিম ব্যাংক। প্রকল্পের সংশ্লিষ্ট এক কর্মকর্তা বলেন, প্রকল্পটি এক বছর মেয়াদ বাড়ানো হয়েছে। কিছু কাজ বাকি আছে এই মেয়াদে সেগুলো শেষ হবে। তারা রেলজংশনের কাজ বাকি

দেখতে পান। এরপরে বিক্ষোভে নামেন তারা। আমরা স্টাফরা মার্চ মাসের বেতন পাবো। ধামরাই থানার ওসি সিরাজুল ইসলাম জানান, বেতন বোনাসের দাবিতে কারখানাটির শ্রমিকরা সকালে বিক্ষোভ শুরু করেন। পরে তারা মহাসড়ক অবরোধ করার চেষ্টা করলে ধাওয়া দিয়ে তাদের ছত্রভঙ্গ করে দেওয়া হয়। এ সময় ঘটনাস্থল থেকে দুইজনকে আটক করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে পরে তাদের ছেড়ে দেওয়া হয়েছে। তবে পরবর্তীতে শ্রমিক, শ্রমিক নেতা, মালিকপক্ষের সঙ্গে বসে আলোচনা হয়েছে। এ সময় মালিকপক্ষ আগামী ৮ এপ্রিল শ্রমিকদের যাবতীয় বেতন-বোনাস পরিশোধের আশ্বাস দিয়েছেন। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক আছে। বাংলাদেশ বস্ত্র ও পোশাক শিল্প শ্রমিক লীগের আঞ্চলিক কমিটির সভাপতি রাসেল প্রামানিক বলেন, আমরা শ্রমিক, প্রশাসন ও মালিকপক্ষ মিলে ত্রি-পক্ষীয় আলোচনা করেছি। সেখানে বিষয়টি সমাধান হয়েছে। এর আগে বন্ধ কারখানা খুলে দেওয়া ও বেতন-বোনাসের দাবিতে শ্রমিকরা বিক্ষোভ করলে পুলিশ গিয়ে টিয়ারশেল নিক্ষেপ করে ও ধাওয়া দিয়ে শ্রমিকদের ছত্রভঙ্গ করে দেয়। ওভিসি ক্রাফট লিমিটেডের এইচআর অ্যাডমিন ম্যানেজার নুরুল ইসলামকে একাধিকবার ফোন করেও পাওয়া যায়নি।

**পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**

ইন্দ্রগড় বহুমুখী উচ্চ বিদ্যালয়ে নবসৃষ্ট পদে নিয়োগের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ২০ এপ্রিল ২০২৪ ইং তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিচ্ছন্নতাকর্মী | একজন | ২০, স্কেল-৮২০০ | অষ্টম শ্রেণী পাস/সমমান, বয়সসীমা ৩৫ বছর সর্বোচ্চ |
| ০২ | আয়া | একজন | ২০, স্কেল-৮২৫০ | অষ্টম শ্রেণী পাস/সমমান, বয়সসীমা ৩৫ বছর সর্বোচ্চ |
| ০৩ | অফিস সহায়ক | একজন | ২০, স্কেল-৮২৫০ | অষ্টম শ্রেণী পাস/সমমান, বয়সসীমা ৩৫ বছর সর্বোচ্চ |

প্রার্থীকে ফি বাবদ ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), সনদের সত্যায়িত ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি ও নাগরিকত্ব সনদের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। বিঃদ্রঃ পূর্বের আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

প্রধান শিক্ষক
ইন্দ্রগড় বহুমুখী উচ্চ বিদ্যালয়
ডাকঃ ইন্দ্রগড়, উপজেলা ঃ নাগেশ্বরী, জেলা ঃ কুড়িগ্রাম।

জি-১০৩/২৪ (৩×২)

দৈনিক বাংলার মানুষ
The Daily Banglar Manush

রেজি নং রাজ- ২৪৭ | ১৯ বর্ষ ১৬৩ তম সংখ্যা | কুড়িগ্রাম শুক্রবার | ২২ চৈত্র ১৪৩০ | ৫ এপ্রিল ২০২৪ | ৮ পৃষ্ঠা মূল্য ৫ টাকা।

## তীব্র গরমেও ঢাকার বিপণিবিতানে উপচেপড়া ভিড়



নিজস্ব প্রতিবেদকঃ ঈদের আগে শেষ শুক্রবারে কেনাকাটা জমে উঠেছে রাজধানীর বিপণিবিতানগুলোতে। ঢাকায় দুপুরে তীব্র গরম অনুভূত হয়। এ তীব্র তাপপ্রবাহ মাথায় নিয়েও ঈদের কেনাকাটায় ব্যস্ত দেখা গেছে নগরবাসীকে। আর ঈদ কেনাকাটা নির্বিঘ্ন করতে মার্কেটে মার্কেটে বুথ বসিয়ে বিশেষ নিরাপত্তা নিশ্চিতে কাজ করছে পুলিশ। শুক্রবার (৫ এপ্রিল) রাজধানীর বিভিন্ন এলাকার বিপণিবিতান ঘুরে এমন চিত্র দেখা গেছে। বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স, নিউমার্কেট ও মৌচাক মার্কেটসহ কয়েকটি মার্কেট ঘুরে দেখা যায়, সেখানে পরিবার-পরিজন নিয়ে অনেকেই এসেছেন ঈদের জন্য বাজার করতে। তীব্র গরমেও রাজধানীর বিপণিবিতানগুলোতে উপচেপড়া ভিড়। জানা গেছে, এদিন সকাল থেকেই এসব মার্কেটগুলোতে ক্রেতাদের কিছুটা ভিড় লক্ষ্য করা যায়। তবে জুমার নামাজের পর তা বহুগুণ বেড়েছে। আর বিকেল থেকে সন্ধ্যার পরপর এ চাপ আরও বাড়ে। ফলে বিপণিবিতানগুলোতে পা ফেলার জায়গা পাওয়া ছিল কঠিন। ঈদের কেনাকাটা করতে আসা ক্রেতাদের সবাইকেই ঘামে ভিজতে হয়েছে। উচ্চবিত্ত মানুষেরা ভিড় করেছেন বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স ও বেইলি রোডসহ অভিজাত বিপণিবিতানে। অপরদিকে দামে স্বস্তি পেতে মধ্যবিত্তরা ছুটছেন মৌচাক, নিউমার্কেটের ... দেখুন ২য় পৃষ্ঠায় ৩য় কলাম

## ভয়াবহ খরায় জিম্বাবুয়েতে জাতীয় দুর্যোগ ঘোষণা



নিজস্ব প্রতিবেদকঃ তীব্র খরায় ভুগছে দক্ষিণ আফ্রিকার বেশিরভাগ দেশ। এর জেরে গতমাসে জাম্বিয়া এবং মালাউই 'জাতীয় দুর্যোগ' ঘোষণা করে। আর এবার এই তালিকায় যোগ দিল জিম্বাবুয়ে। খরা মোকাবিলায় 'জাতীয় দুর্যোগ' ঘোষণা করেছে দেশটির সরকার। প্রতিবেদনে বলা হয়, জিম্বাবুয়ের প্রেসিডেন্ট এমারসন মনানগাগওয়া বুধবার এক টেলিভিশন ভাষণে সাম্প্রতিক সময়ের খরাকে 'জাতীয় দুর্যোগ' হিসেবে ঘোষণা করেছেন। তবে এই খরার কারণে জনগণকে ভীত না হওয়ার জন্য ... দেখুন ২য় পৃষ্ঠায় ২য় কলাম

## তিন বিভাগে বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস




নিজস্ব প্রতিবেদকঃ কয়েক দিন ধরে দেশের চার বিভাগে তাপ প্রবাহ বয়ে যাচ্ছিল। এ পরিস্থিতিতে বৃষ্টি নিয়ে সুখবর দিলো আবহাওয়া অফিস। আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, দেশের তিন বিভাগে দমকা হাওয়াসহ বজ্রবৃষ্টির সম্ভাবনা রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। এ অবস্থায় আবহাওয়া অফিস বলছে, শুক্রবার (৫ এপ্রিল) ... দেখুন ২য় পৃষ্ঠায় ৩য় কলাম

## জ্বালানি তেল ও এলএনজি আমদানিতে ২৪৯ কোটি ডলার ঋণ নিচ্ছে সরকার



নিজস্ব প্রতিবেদকঃ জ্বালানি তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির জন্য তিনটি প্রস্তাবের বিপরীতে একাধিক আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে ২৪৯ কোটি টাকা ঋণ নেওয়ার প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। আগামী ২০২৪-২০২৫ অর্থবছরে জ্বালানি তেল আমদানিতে এই অর্থ ব্যয় করা হবে বলে অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত 'অনমনীয় ঋণ বিষয়ক স্থায়ী কমিটি'র সভায় এই ঋণ প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী সভায় সভাপতিত্ব করেন। সভায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর, অর্থ সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভা সূত্রে জানা যায়, তিন ঋণ প্রস্তাবের মধ্যে আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য জ্বালানি তেল ও এলএনজি আমদানিতে সৌদি আরবের জেদ্দা ভিত্তিক ইন্টারন্যাশনাল ইসলামিক ট্রেড ফাইন্যান্স কর্পোরেশন (আইটিএফসি; ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক-আইডিবি'র অঙ্গ প্রতিষ্ঠান) থেকে ২১০ কোটি ডলার ঋণ নেওয়া হবে। ছয় মাস মেয়াদী এ ঋণের সুদের হার .. দেখুন ৩য় পৃষ্ঠায় ৫ম কলাম

## মসজিদের জন্য টাকা তুলতে গিয়ে ট্রাক চাপায় শিশু নিহত

নিজস্ব প্রতিবেদকঃ চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় ট্রাকের নিচে চাপা পড়ে মো. ইশা (১২) নামের এক শিশু নিহত হয়েছে। [illegible] রমজান মাসকে সামনে রেখে [illegible] মসজিদের উন্নয়ন কাজের জন্য [illegible] পাশে টাকা তুলছিলো। [illegible] দুপুরে চাঁপাইনবাবগঞ্জের [illegible] পৌরসভার শফিক সার্ভে [illegible] (সহড়াতলা) এলাকায় এ দুর্ঘটনা [illegible] নিহত শিশু ইশা শিবগঞ্জ [illegible] শেরটলা মহল্লার [illegible] ছেলে। প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে জানা গেছে, প্রতিদিনের মতোই শুক্রবারও দুপুর বেলায় স্থানীয় একটি মসজিদের উন্নয়ন কাজের জন্য সড়কে যাতায়াত ... দেখুন ২য় পৃষ্ঠায় ৪র্থ কলাম

## ২৭ জেলেকে উদ্ধারের পর ফেরত দিলো ভারত



নিজস্ব প্রতিবেদকঃ মাছ ধরার সময় ইঞ্জিন বিকল হয়ে বঙ্গোপসাগরের ভারতীয় সীমানায় ভাসতে থাকা বাংলাদেশি 'এফভি সাগর-০২' ট্রলারের ২৭ জেলেকে উদ্ধার করে ফেরত দিয়েছে ভারত। বৃহস্পতিবার (৪ এপ্রিল) সন্ধ্যায় দ্বিপাক্ষিক সমঝোতার মাধ্যমে বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সমুদ্র সীমারেখায় ভারতীয় কোস্ট গার্ডের জাহাজ 'আইসিজিএস আমোঘ' ২৭ জন জেলেসহ ট্রলারটি বাংলাদেশ কোস্ট গার্ডের কাছে হস্তান্তর করে। পরে মালিক রতন দাসের কাছে জেলে ও ট্রলার হস্তান্তর করা হয়। শুক্রবার (৫ এপ্রিল) দুপুরে কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার খন্দকার মুনিফ তকি সংবাদ বিজ্ঞপ্তিতে এতথ্য জানিয়েছেন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ১ এপ্রিল চট্টগ্রামের কুতুবদিয়া থেকে 'এফভি সাগর-০২' নামের ট্রলার ২৭ জন জেলে নিয়ে মাছ ধরতে সমুদ্রে যান। গতকাল বৃহস্পতিবার দুপুরে ট্রলারটির ইঞ্জিন বিকল হয়। স্রোতে ভাসতে ভাসতে বাংলাদেশের জলসীমা অতিক্রম করে ট্রলারটি ভারতীয় জলসীমায় প্রবেশ করে। বিষয়টি ভারতীয় কোস্ট গার্ড জাহাজ 'আইসিজিএস আমোঘ' এর দৃষ্টিগোচর হলে তারা দ্রুত জেলেসহ ট্রলারটি উদ্ধার .. দেখুন ৩য় পৃষ্ঠায় ৫ম কলাম

## ব্যাংকের নিরাপত্তা বাড়ানোর নির্দেশঃ পুলিশ



নিজস্ব প্রতিবেদকঃ সারা দেশের সরকারি-বেসরকারি ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা জোরদারের নির্দেশনা দিয়েছে পুলিশ সদর দপ্তর। পাশাপাশি তল্লাশিচৌকি ও টহল জোরদারেরও নির্দেশনা দেওয়া হয়। ঢাকা ও ঢাকার বাইরের বেশ কয়েকটি থানার ওসির সঙ্গে কথা বলে পুলিশ সদর দপ্তরের নির্দেশনা পাওয়ার তথ্য নিশ্চিত হওয়া যায়। বান্দরবানের দুই উপজেলায় ... দেখুন ২য় পৃষ্ঠায় ৪র্থ কলাম

## ঈদের ছুটিতে এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ



নিজস্ব প্রতিবেদকঃ ঈদুল ফিতরের ছুটির সময় গ্রাহকের নির্বিঘ্নে লেনদেন নিশ্চিতে ব্যাংকের এটিএম বুথে পর্যাপ্ত টাকা সরবরাহের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। একই সঙ্গে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস), পয়েন্ট অব সেল (পিওএস), ই-পেমেন্ট গেটওয়েসহ সব ডিজিটাল সেবা নিরবচ্ছিন্ন [illegible] নিশ্চিত করতে [illegible] দেওয়া হয়েছে। [illegible] র (৪ এপ্রিল) ব[illegible] কের পেমেন্ট সি[illegible] ডিপার্টমেন্ট ... [illegible] য় ১ম কলাম

## আগুনে ৬ কৃষকের ঈদের স্বপ্ন পুড়ে ছাই



নিজস্ব প্রতিবেদকঃ হার্ভেস্টার মেশিনে গম কেটে নেওয়ার পর জমিতে পড়ে থাকা ডাটা জৈব সার তৈরির জন্য আগুন দিয়েছিলেন কৃষক আব্দুস সামাদ। চৈত্র মাসের প্রখর রোদ ও বাতাসে সেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে পাশের খেতে। এসময় একে একে ছয় কৃষকের প্রায় ৭ বিঘা জমির গমখেত পুড়ে ভস্মীভূত হয়। বৃহস্পতিবার ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলার দুওসুও ইউনিয়নের পশ্চিম সরলিয়া গ্রামে ঘটনাটি ঘটে। ভুট্টার পাশাপাশি কচু ও পাট খেতেরও ক্ষতি হয়েছে আগুনে বলে জানিয়েছেন স্থানীয়রা। প্রত্যক্ষদর্শী এনায়েত হোসেন বলেন, গম কেটে নেওয়ার পর ওই জমিতে পাট রোপণের জন্য গমের উচ্ছিষ্ট ডাটাতে আগুন দিয়েছিলেন কৃষক আব্দুস সামাদ। কিন্তু, বাতাসের কারণে আগুন পাশের গমখেতে ছড়িয়ে পড়ে। মাঠে থাকা লোকজন চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণ করলেও ছয় জন কৃষকের ৭ বিঘা জমি পুড়ে গেছে। এতে পায় দুই লাখ টাকার ক্ষতি হয়েছে ওই কৃষকদের। ঈদকে ঘিরে থাকা ... দেখুন ২য় পৃষ্ঠায় ৩য় কলাম

## ফিলিস্তিনিদের জীবন ছিন্নভিন্ন হয়ে গেছেঃ গুতেরেস



নিজস্ব প্রতিবেদকঃ জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস বলেছেন, গাজায় ইসরায়েলের সামরিক অভিযান ফিলিস্তিনিদের [illegible] 'শুধুই মৃত্যু ও ধ্বংস' নিয়ে এসে[illegible] গাজায় ইসরায়েলের যুদ্ধ শুরু [illegible] ... দেখুন ২য় পৃষ্ঠায় ৪র্থ [illegible]

দৈনিক বাংলার মানুষ
The Daily Banglar Manush
শুক্রবার ৫ এপ্রিল ২০২৪ ইং

# ঈদে খাবার খাওয়ার বিষয়ে যেসব সতর্কতা জরুরি



ঈদুল ফিতর মুসলমানদের অন্যতম ধর্মীয় উৎসব। এ দিনে মুসলিম সমাজ বেশ আড়ম্বরপূর্ণভাবে দিনটি পালন করে থাকেন। উৎসবের সঙ্গে জড়িয়ে আছে গুরুপাক ও সুস্বাদু খাবার। এ দিন খাবার গ্রহণের ব্যাপারে আমাদের কোনো কোনো সময় মাত্রাজ্ঞান থাকে না। ঈদের দিনে ইচ্ছা মতো যখন তখন খাওয়া যাবে এ বোধটাই অনেকের মধ্যে কাজ করে। উৎসবের শুরুটাই হয় সকালে এবং আরম্ভ হয় মিষ্টি খাবার দিয়ে। তারপর বিরতিহীনভাবে মধ্যরাত পর্যন্ত চলে ক্যালরিবহুল খাবার খাওয়া। এক মাসের যে সংযম সেটা আর থাকে না। এই একদিনের অতিভোজনের ফলে পাকস্থলীর ওপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়। কারণ অধিক চাপে পাকস্থলীর পরিপাকে সহায়কারী এনজাইম ঠিকমতো কাজ করতে পারে না। ফলে পেটে ব্যথা, গ্যাস্ট্রাইটিস, ডায়রিয়া, বমি, মাথাব্যথা হতে দেখা যায়। এছাড়া দীর্ঘস্থায়ী রোগ হিসাবে আইবিএস বা ইরিটেবল বাওয়েল সিনড্রোমের সূত্রপাত হয়।

* সকালের খবার- ঈদের দিনে প্রতিটি বাড়িতেই মিষ্টির ব্যবস্থা থাকে। যেমন-জর্দা, সেমাই, পায়েস, পুডিং, কাস্টার্ড, ফালুদা ইত্যাদি। এছাড়া থাকে পোলাও, বিরিয়ানি, তেহারি, কোরমা, রোস্ট, রেজালা, কাবাব, চটপটি, ফুচকা, নুডলস, পাস্তা ইত্যাদি। ইদানীং আবার দেশি খাবারের পাশাপাশি বিদেশি খাবারেরও আধিক্য দেখা যায়। যেমন-মোমো, তিরামিসু, স্যান্ডউইচ, তফু, খাব্লা ইত্যাদি। ঈদের রান্নায় ঘি, চিনি, দুধ, দই, কিশমিশ, বিভিন্ন ধরনের বাদাম, আলু বোখারা, নারিকেল ইত্যাদি বিভিন্ন ধরনের উপাদান ব্যবহার করা হয়। এতে খাবারের শোভা ও স্বাদ যেমন বাড়ে তেমনি পুষ্টিও পাওয়া যায়। ঘি ক্যারোটিনযুক্ত। এটি দেহে শক্তি সঞ্চার করে। দুধ আমিষের ভালো উৎস। এতে ক্যালসিয়াম প্রচুর রয়েছে। মানুষের অন্ত্রে অনেক সময় জীবাণুর সংক্রমণের জন্য দায়ী। এর ফলে কোষ্ঠকাঠিন্য, গাঁজানো, পচন ইত্যাদি সমস্যা দেখা দেয়। দই প্রোবায়োটিক। এতে থাকা ল্যাক্টোবেসিলাস বুলগেরিকাস নামক ব্যাকটেরিয়ার জন্য উপরোক্ত অসুবিধা দূর করে। দই হজমকারক। কিশমিশে লৌহ ছাড়াও অন্য উপাদানের জন্য হৃদরোগী ও কোষ্ঠকাঠিন্যের রোগীদের জন্য স্বাস্থ্যপদ। আজকাল ঈদের খাবারে নারিকেলের ব্যবহার অনেকটা কমে গেছে। নারিকেল দিয়ে ক্ষীর, সেমাই, পোলাও, খাসির মাংস, মুরগির মাংস রান্না করলে বেশ উপাদেয় হয়। হাতে কাটা-চালের গুঁড়ার সেমাইয়ের সঙ্গে নারিকেলের ব্যবহার হয়। নারিকেল শরীরে একটা স্নিগ্ধ ভাব আনে এবং ত্বক সুন্দর রাখে ও বুদ্ধির বিকাশে সাহায্য করে।

* দুপুর ও রাতের খাবার- দুপুরে খাবারের সঙ্গে সালাদ, লেবু, চাটনি ও শেষ পাতে দই, বোরহানি, ঘোল থাকলে ভালো হয়। ঘোলের পরিবর্তে লাচ্ছিও খেতে পারেন। পুদিনাপাতা, ধনিয়াপাতা, টমেটো, তেঁতুল, আনারস, আলু বোখারা, আমসত্ত্ব ইত্যাদি দিয়ে চাটনি করা যেতে পারে। এগুলো সবই স্বাস্থ্যসম্মত। যা কিছুই রান্না হোক না কেন, দেখতে হবে সেটাতে যেন অনেক বেশি তেল, ঘি, মসলা না থাকে।

একেক ধরনের অসুস্থতায় খাবারের ব্যাপারে একেক ধরনের নিষেধ থাকে। সুতরাং ঈদের দিন বলে সবকিছুই খাওয়া যাবে অথবা একদিন খেলে কিছুই হবে না, এ ধারণা নিয়ে অসুস্থদের খাবার গ্রহণ করা উচিত নয়। ডায়াবেটিস থাকলে বিকল্প চিনি দিয়ে মিষ্টি তৈরি করা যেতে পারে। বিকল্প চিনি মেশাতে হয় খাবার চুলা থেকে নামানোর পর। তারা খেতে পারেন-স্যুপ, কাবাব, ফুচকা, চটপটি, নুডলস, খিচুড়ি, বিরিয়ানি, পোলাও, ফ্রায়েড রাইস, লুচি, পরোটা, দইবড়া, রোস্ট, রেজালা ইত্যাদি। গর্ভাবস্থায় ডায়াবেটিস থাকলে অনাগত শিশুর কথা চিন্তা করে মিষ্টি খাবার থেকে বিরত থাকলে ভালো হয়। জ্বর থাকলে যদি খাবারে রুচি না থাকে তাহলে শবরত, ফলের রস, স্যুপ, দুধ-সেমাই, পোলাওর চালের নরম ভাত, মাছ বা মুরগির কোরমা খেতে পারেন। হৃদরোগীদের ঘি বা বাটার অয়েলের পরিবর্তে তেলের রান্না ভালো। কিডনি রোগীরা গরু ও খাসির মাংস না খেলেই ভালো করবেন।

সবশেষে বলা যায়, ঈদের দিনে খাবার হবে স্বাস্থ্যসম্মত, টাটকা, পুষ্টিকর ও সহজপাচ্য। এছাড়া সময় ও মাত্রাজ্ঞান রেখে বিরতি দিয়ে খাবার খেতে হবে। আপ্যায়নে রাখতে পারেন ঠান্ডা শরবত বা ফলের রস। এ গরমে এটা স্বস্তি ও প্রশান্তি দেবে।

লেখক: চিফ নিউট্রিশন অফিসার ও বিভাগীয় প্রধান (অব.), বারডেম। সভাপতি, ডায়াবেটিস নিউট্রিশনিস্ট সোসাইটি অব বাংলাদেশ, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, শ্যামলী ও অ্যাডভান্স হাসপাতাল, ঢাকা।

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ইন্দ্রগড় বহুমুখী উচ্চ বিদ্যালয়ে নবসৃষ্ট পদে নিয়োগের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ২০ এপ্রিল ২০২৪ইং তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিচ্ছন্নতাকর্মী | একজন | ২০, স্কেল-৮২০০ | অষ্টম শ্রেনী পাস/সমমান,বয়স সীমা ৩৫বছর সর্বোচ্চ |
| ০২ | আয়া | একজন | ২০,স্কেল-৮২৫০ | অষ্টম শ্রেনী পাস/সমমান,বয়স সীমা ৩৫বছর সর্বোচ্চ |
| ০৩ | অফিস সহায়ক | একজন | ২০,স্কেল-৮২৫০ | অষ্টম শ্রেনী পাস/সমমান,বয়স সীমা ৩৫বছর সর্বোচ্চ |

প্রার্থীকে ফি বাবদ ৫০০/-টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য),সনদের সত্যায়িত ফটোকপি, ২কপি পাসপোর্ট সাইজের ছবি,এনআইডি ও নাগরিকত্ব সনদের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
বিঃদ্রঃ পূর্বের আবেদন কারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

প্রধান শিক্ষক
ইন্দ্রগড় বহুমুখী উচ্চ বিদ্যালয়ে
ডাকঃ ইন্দ্রগড়,উপজেলাঃ নাগেশ্বরী,জেলাঃ কুড়িগ্রাম।

পি.বা.মা. এপ্রি-৫/২৪

## হলফনামা

আমার Junior Dakhil Certificate (JDC) Examination- 2016, bearing Roll: Brammonpara- 4, (Sahebabad) No. 429679, Reg. No. 1618498907/2016; Dakhil Examination- 2019; bearing Roll: Brammonpara- 4, (Sahebabad) No. 436824, Reg. No. 1618498907/2017, Bangladesh Madrasah Education Board, Dhaka and Higher Secondary Certificate Examination, 2021, Group: Science, bearing Roll Cummila Sadar-05, No. 153044, Reg. No. 1618498907/2019-2020, Board of Intermediate and Secondary Education, Cumilla এর মূল সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপট এ ভুলবশতঃ আমার মাতার নাম বাংলায় "লাইলী আক্তার" ইংরেজিতে "Laily Akter" লেখা হয়েছে। যাহা সংশোধন হওয়া আবশ্যক। আমার মাতার সঠিক নাম বাংলায় "মোসাম্মৎ লাইলী আক্তার" ইংরেজিতে "Musammat Laily Akter" ।
এ বিষয়ে নোটারী পাবলিক ঢাকা, বাংলাদেশ এ একটি হলফনামা করা হয়েছে। যাহার রেজি: নং- ১০. তারিখঃ ২৩/০২/২৪ ইং।

পিবাম এপ্রি-৫/২৪

## জ্বালানি তেল ও এলএনজি

ডলারের সিকিউরড ওভারনাইট ফাইন্যান্সিং রেট (এসওএফআর)-এর সঙ্গে ১ দশমিক ৮ শতাংশ এবং প্রশাসনিক ফি বাবদ দশমিক ২ শতাংশ যোগ হবে। জানা গেছে, বর্তমানে এসওএফআর ৫.৩ শতাংশে বিরাজ করছে। এটি এক বছর আগের তুলনায় ১ শতাংশ বেশি এবং গত ২০২২ সালের তুলনায় প্রায় দ্বিগুণ। বৈঠক সূত্রে জানা যায়, বর্তমানে বিশ্বব্যাপী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সুদ হার অব্যাহতভাবে বাড়ছে। তা সত্ত্বেও দর কষাকষির প্রেক্ষিতে ইতিপূর্বে প্রদত্ত ঋণের সমপরিমাণ সুদ হারে ঋণ দিতে সম্মত হয়েছে আইটিএফসি। তবুও বিশ্বব্যাংক ও এডিবি'র দেওয়া ঋণের সুদের হারের তুলনায় এটি বেশি। জানা গেছে, আইটিএফসি'র ঋণ সহায়তায় ১৯৯৭ সাল থেকে জ্বালানি তেল কিনছে বিপিসি। এ ধারাবাহিকতায় চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য জ্বালানি তেল আমদানিতে আইটিএফসি থেকে ১৪০ কোটি ডলার ঋণ নিয়েছে বিপিসি। সুদের হার নতুন প্রস্তাবের অনুরূপ। গৃহীত এ ঋণ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৮২ কোটি ডলার ডলার ব্যয় হয়েছে। অবশিষ্ট ৫৮ কোটি ডলার আগামী মে ও জুনে জ্বালানি তেল আমদানিতে ব্যয় হবে। ফলে আগামী জুলাইয়ে জ্বালানি তেল আমদানিতে কোন অর্থ অবশিষ্ট থাকছে না।

## ২৭ জেলেকে উদ্ধারের

করে এবং বাংলাদেশ কোস্ট গার্ডকে অবহিত করে। গতকাল সন্ধ্যায় উভয় দেশের দ্বিপাক্ষিক সমঝোতার মাধ্যমে বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সমুদ্র সীমারেখায় ভারতীয় কোস্ট গার্ড জাহাজ 'আইসিজিএস আমোঘ' ২৭ জন জেলেসহ ট্রলারটি বাংলাদেশ কোস্ট গার্ডের কাছে হস্তান্তর করে।



উন্নত প্রযুক্তিতে
দাঁত বাঁধানো সহ
দাঁতের সু-চিকিৎসার জন্য
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

এরশাদুল দন্তঘর

ডাঃ নাইমা তামান্না ইসলাম
বি.ডি.এস (রাজশাহী)
পি.জি.টি (ওরাল সার্জারী)
বি.এম.ডি.সি: রেজি: নং- ৭৭১২
ওরাল এন্ড ডেন্টাল সার্জন
ঙৎধষ ধহফ উবহঃধষ ঝঁৎমবড়হ

tivMx †`Lvi mgq
প্রত্যহ সকাল ১০টা হইতে রাত্রি ৮টা পর্যন্ত
বাসাঃ শিশু নিকেতনের সামনে, কলেজ রোড, কুড়িগ্রাম

চেম্বার
এরশাদুল দন্তঘর, জেলা পরিষদ মার্কেট, কলেজ রোড, কুড়িগ্রাম।
মোবাইলঃ ০১৭৭৪-৬০৪২৫১

নিউ উলিপুর ফার্মেসী
ঔষধ ও সার্জিক্যাল বিক্রেতা



প্রোঃ মোঃ মকবুল হোসেন
মোবাইলঃ ০১৯১৫-০৬০১০৭
০১৭১৮-২৮২০৫৫



এখানে চোখের ঔষধসহ যাবতীয় ঔষধ পাওয়া যায়
বিঃদ্রঃ- দিবা-রাত্রী খোলা থাকে এবং দোকানের ভিতরে রাতে লোক থাকে।
রাতে যোগাযোগের জন্য- ০১৯৩৮-৯১৩৩৪৭
সেবা ক্লিনিক সংলগ্ন ঘোষপাড়া, কুড়িগ্রাম।